# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৪৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. তৃতীয় অনুচ্ছেদ - সফরের সালাত

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: فَرَضَ اللَّهُ الصَّلَاةَ عَلَى لِسَانِ نَبِيِّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْحَضَرِ أَرْبَعًا وَفِي السَّفَرِ رَكْعَتَيْنِ وَفِي الْخَوْف رَكْعَة. رَوَاهُ مُسلم

### বাংলা

১৩৪৯-[১৭] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ তা’আলা তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জবানিতে মুক্বীম অবস্থায় চার রাক্’আত আর সফরকালে দু’ রাক্’আত সালাত (সালাত/নামায/নামাজ) ফরয করেছেন। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৮৭, নাসায়ী ১৫৩২, আহমাদ ২২৯৩, ইবনু খুযায়মাহ্ ৩০৪, ১৩৪৬, শারহুস্ সুন্নাহ্ ১০২১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ভয়ের ক্ষেত্রে আল্লাহ তা‘আলা এক রাক্‘আত সালাত ফরয করেছেন। এখানে দলীল হলো ভয়ের সালাত (সালাত/নামায/নামাজ) এক রাক্‘আত আবশ্যক, যদি একের উপরই সংক্ষেপ করা হয়, অর্থাৎ শুধু এক রাক্‘আত আদায় করলেই বৈধ হবে। ইমাম নাবাবী (রহঃ) বলেন যে, এ হাদীসের প্রতি একদল সালফ্ সালিহীনগণ ‘আমল করেছেন। তাদের মধ্য হাসান বসরী, জিহাক, ইসহাক্ব, ‘আত্বা, ত্বাউস, মুজাহিদ, হাকাম ইবনু ‘উত্বাহ্, ক্বাতাদাহ্, সাওরী প্রমুখ তাবি‘ঈনগণ এবং সাহাবীগণের মধ্য থেকে ইবনু ‘আব্বাস, আবূ হুরায়রাহ্ (রাঃ), আবূ মূসা আল আশ্‘আরী (রাঃ) প্রমুখগণ।

অপরদিকে ইমাম শাফি‘ঈ, মালিক (রহঃ) ও জমহূর ‘উলামাগণ, [তাদের মধ্য ইমাম আবূ হানীফাহ্ ও আহমাদ (রহঃ)] বলেন যে, নিশ্চয় ভয়ের সালাত রাক্‘আত সংখ্যার ক্ষেত্রে নিরাপদ সালাতের মতই। কারণ যদি মুক্বীমের সালাত চার রাক্‘আত ওয়াজিব হয় এবং সফরে দু’ রাক্‘আত ওয়াজিব হয় তবে ভয়ের সালাত কোন অবস্থাতেই এক রাক্‘আতের উপর সংক্ষিপ্ত করা (এক রাক্‘আত আদায় করা) বৈধ নয়। তারা ইবনু ‘আব্বাস (রাঃ)-এর

বর্ণিত আলোচ্য হাদীসের ব্যাখ্যায় বলেছেন যে, এখানে এক রাক্‘আত দ্বারা উদ্দেশ্য হলো, ইমামের সাথে এক রাক্‘আত আদায় করতে হবে, আর অন্য এক রাক্‘আত একাকী আদায় করে নিতে হবে। (আল্লাহ তা‘আলাই ভাল জানেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55909

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন